



## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মুলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০৯ অক্টোবর' ২০২৩ খ্রি.

### প্রধানমন্ত্রীকে স্বাগত জানাতে প্রস্তুত 'ওয়ান সিটি, টু টাউন'-মেয়র

চীনের সাংহাই নগরীর মতো 'ওয়ান সিটি, টু টাউন' মডেলে গড়ে উঠা চট্টগ্রাম প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে স্বাগত জানাতে প্রস্তুত বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুভিয়োদ্দা মো. রেজাউল করিম চৌধুরী।

দক্ষিণ চট্টগ্রামের পতেঙ্গা ও আনোয়ারা উপজেলাকে সংযুক্ত করতে দক্ষিণ এশিয়ার মধ্যে প্রথম চট্টগ্রামে কর্ণফুলী নদীর তলদেশে নব নির্মিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল আগামী ২৮ অক্টোবর শনিবার উদ্বোধন করবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার চট্টগ্রাম আগমন উপলক্ষে নগরীর পতেঙ্গা টানেলের সম্মুখ থেকে বিমানবন্দর সড়কের কার্পেটিং এবং সৌন্দর্য বর্ধনের চলমান কাজ পরিদর্শনকালে এমন্তব্য করেন মেয়র রেজাউল করিম চৌধুরী।

সৌন্দর্য বর্ধন কাজ সরেজামিনে পরিদর্শনকালে মেয়র কাজের মান গুণগত মান যাচাই করেন এবং কোথাও কোন প্রকার অসংগতি থাকলে দ্রুত তা সমাধান সহ নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট প্রকৌশলীদের নির্দেশনা প্রদান করেন।

এসময় সিটি মেয়রের সাথে উপস্থিত ছিলেন ওয়ার্ড কাউন্সিলর ছালেহ আহমদ চৌধুরী, অধ্যাপক মোহাম্মদ ইসমাইল, মেয়রের একান্ত সচিব আবুল হাশেম, নির্বাহী প্রকৌশলী আশিকুল ইসলাম প্রমুখ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮